দৈনিক ইত্তেফাক

তারিখ 03 MAR 1990
পৃষ্ঠা ৪ কলাম ৫

# দক্ষতা বৃদ্ধির জন্য ব্যাপকহারে কম্পিউটার প্রচলন করা প্রয়োজন

—শিক্ষামন্ত্রী

শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলাম বলিয়াছেন, আমাদের দেশে ব্যবস্থাপনা, দক্ষতা বৃদ্ধি ও তথ্য সংরক্ষণ প্রক্রিয়া জোরদার করার জন্য ব্যাপকহারে কম্পিউটার প্রচলন করা প্রয়োজন। কম্পিউটার প্রচলন করিব কিনা তাহা নয়, বরং কম্পিউটার প্রচলন না করিয়া পারা যাইবে কিনা উহাই হইতেছে বর্তমানের প্রশ্ন।

(৪র্থ পৃঃ দ্রঃ)

## শিক্ষামন্ত্রী

(৩য় পৃঃ পর)

মন্ত্রী গতকাল বৃহস্পতিবার স্থানীয় একটি হোটেলে আয়োজিত এক কম্পিউটার প্রদর্শনীর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণ দিতেছিলেন। তিনি বলেন, প্রেসিডেন্ট এরশাদ ইতিমধ্যেই বিভিন্ন মন্ত্রণালয়ে কম্পিউটার প্রচলন করার নির্দেশ দিয়াছেন।

তিনি বলেন, কম্পিউটারকে অধিকতর জনপ্রিয় করিয়া তোলা এবং ইহার সম্প্রসারণের ক্ষেত্রে এ ধরনের প্রদর্শনী গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করিতে পারে।

বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলের নির্বাহী চেয়ারম্যান কর্নেল (অবঃ) আজিজুর রহমান এবং প্রদর্শনীর উদ্যোক্তাদের পক্ষে খায়রুল আলমও অনুষ্ঠানে বক্তৃতা করেন। প্রদর্শনীতে ২০টি ষ্টল স্থাপন করা হইয়াছে। —তথ্যবিবরণী